গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অফিস
আশকোনা, ঢাকা।
www.hajoffice.gov.bd

স্মারক নং-১৬.০৩.০০০০.০০০.০০২.০২.০০৩৮.২৬.৯৯০

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

২০২৭ সনের হজ ব্যবস্থাপনা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নকরণের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ হজ অফিস, ঢাকায় ১৫/০২/২০২৭ খ্রিঃ তারিখ হতে অনধিক ৩ (তিন) মাসের জন্য নিম্নোল্লিখিত পদসমূহে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন এবং সাপ্তাহিক ছুটি ও অন্যান্য সরকারি ছুটির দিনসহ প্রয়োজনে দিবারাত্র কাজ করতে আগ্রহী কর্মচারী নিয়োগ করা হবে। পদসমূহের নাম, বেতনস্কেল এবং প্রয়োজনীয় যোগ্যতা ও দক্ষতার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	চাকরির মেয়াদ	প্রয়োজনীয় যোগ্যতা ও দক্ষতা
০১	উচ্চমান সহকারী (গ্রেড ১৪) টাকা ২৩,৫০০- ৫৬,৮০০/-	০১ (এক) টি	অনধিক ০৩ (তিন) মাস	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
০২	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড ১৬) টাকা ২১,৯০০- ৫২,৯০০/-	১৪ (চৌদ্দ) টি	অনধিক ০৩ (তিন) মাস	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা-২০ শব্দ, ইংরেজি-২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
০৩	অফিস সহায়ক (গ্রেড-২০) টাকা ২০,০০০- ৪৮,৪০০/-	০৪ (চার) টি	অনধিক ০৩ (তিন) মাস	(ক) অষ্টম শ্রেণি পাস। বাইসাইকেল চালনায় অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলী:

১) দরখাস্তে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা, প্রার্থীর বয়স, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে), ধর্ম ও যোগাযোগের জন্য WhatsApp সম্বলিত সচল মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক সদ্যতোলা ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ ০৩.১২.২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকায় সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

২) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি;

গ) জাতীয় পরিচয় পত্রের কপি;

ঘ) অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

ঙ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সনদের সত্যায়িত কপি।

৩) মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র-নৃ গোষ্ঠী, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের আবেদনকারীদের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৪) প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত ও দৈনিক ভাতা দেয়া হবে না।

৫) প্রার্থীর সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

৬) হজফ্লাইট চলাকালীন হজক্যাম্পে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ প্রয়োজনে দিবারাত্র কাজ করতে হবে। হজ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। উল্লেখ্য, হজক্যাম্পে থাকার সুবিধা রয়েছে।

৭) আবেদনকারীর বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

৮) ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯) আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র (ভেন্যু) হোয়াটসঅ্যাপের (WhatsApp) মাধ্যমে অবহিত করা হবে। এ লক্ষ্যে প্রত্যেক প্রার্থীকে আবশ্যিকভাবে নিজ নিজ সচল হোয়াটসঅ্যাপ নম্বর প্রদান করতে হবে। উল্লিখ্য WhatsApp এ প্রেরিত লিংক হতে প্রার্থীরা পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

১০) কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ লোকমান হোসেন
পরিচালক (যুগ্মসচিব)
হজ অফিস, ঢাকা।

ডিজি-২১৮৭/২৬ (১০″×৪ক)

bekarsfeed.com